

হেপাটাইটিস সি

হেপাটাইটিস সি কি?

- পৃথিবী জুড়ে লিভার সিরোসিস ও লিভার ক্যান্সারের প্রধান কারণ হেপাটাইটিস সি ভাইরাস।
- অথচ ১৯৮৯ সালে হেপাটাইটিস সি ভাইরাস আবিষ্কৃত হওয়ার আগ পর্যন্ত মানুষের এই ভাইরাস সম্বন্ধে কোন ধারণা ছিল না।
- বিশ্ব স্বাস্থ্য সংস্থার সাম্প্রতিক তথ্য অনুযায়ী পৃথিবীতে হেপাটাইটিস সি ভাইরাসে আক্রান্ত ব্যক্তির সংখ্যা ১৭-২০ কোটি যা পৃথিবীর মোট জনসংখ্যার প্রায় ৩ শতাংশ
- বাংলাদেশে প্রায় ৪০ লক্ষ লোক এ ভাইরাসে আক্রান্ত।

হেপাটাইটিস সি কিভাবে ছড়ায়?

- হেপাটাইটিস সি ভাইরাস মূলত ছড়ায় রক্তের মাধ্যমে।
- দূষিত সিরিঞ্জ ব্যবহারের মাধ্যমে অনেকেই নিজেদের অজান্তে এ রোগে আক্রান্ত হয়ে পড়ছেন।
- একই শেভিং রেজার, ব্লেড কিংবা ক্ষুর ব্যবহারের মাধ্যমেও ভাইরাসটি ছড়াতে পারে।
- স্ত্রী সহবাসের মাধ্যমে হেপাটাইটিস সি ভাইরাসে আক্রান্ত হওয়ার সম্ভাবনা কম।
- সামাজিক মেলামেশা যেমন হ্যান্ডশেক বা কোলাকুলি এবং রোগীর ব্যবহার্য সামগ্রী যেমন গ্লাস, চশমা, তোয়ালে, জামা-কাপড় ইত্যাদির মাধ্যমেও এ রোগ ছড়ায় না।

হেপাটাইটিস সি হলে কি হয়?

- শরীরে একবার হেপাটাইটিস সি ভাইরাস প্রবেশ করলে তা শতকরা ৮৫ ভাগ ক্ষেত্রে লিভারে স্থায়ী ইনফেকশন তৈরী করে যাকে আমরা বলে থাকি ক্রনিক হেপাটাইটিস সি।
- এ রোগে আক্রান্ত ব্যক্তির শরীরে রোগের কোন লক্ষণ থাকে না বললেই চলে।
- ১০-১৫ বছরের মধ্যে এদের প্রায় অর্ধেকই লিভার সিরোসিসের মত মারাত্মক রোগে আক্রান্ত হন।
- এদের অনেকেরই পরবর্তীতে লিভার ক্যান্সার দেখা দেয়।
- তাই হেপাটাইটিস সি - কে বলা হয়ে থাকে "তুষের আগুন" - যা ভিতরে ভিতরে পুড়িয়ে ছাড়খার করে ফেললেও, বাইরে থেকে তা বোঝা যায় না।
- যারা অ্যালকোহল সেবন করেন তারা হেপাটাইটিস সি ভাইরাসে আক্রান্ত হলে তাদের লিভারে মারাত্মক রোগ সৃষ্টির আশংকা খুবই বেশী।

হেপাটাইটিস সি-এর চিকিৎসা

- হেপাটাইটিস সি -কে অনেকে নীরব ঘাতকও বলে থাকেন, কারণ এর বিরুদ্ধে কার্যকর কোন ভ্যাকসিন নেই।
- এতদিন এ রোগের প্রধান ওষুধ ছিল পেগাইলেটেড ইন্টারফেরন আর রিবাভিরিন।
- হেপাটাইটিস সি রোগীদের জন্য সবচেয়ে সুখের খবরটির নাম সফোসবোভির, কারণ এই নতুন ওষুধটির কল্যাণে হেপাটাইটিস সি ভাইরাস নিরাময়ের সম্ভাবনা ৯০ শতাংশেরও বেশী।
- হেপাটাইটিস সি জনিত ডিকম্পেনসেটেড বা এডভান্সড লিভার সিরোসিস ও লিভার ক্যান্সারের যেসব রোগী এতদিন চিকিৎসার আওতার বাইরে ছিলেন, তাদের জন্যও ওষুধটি আশীর্বাদের মত।

প্রচারে :



লিভার কেয়ার এন্ড রিসার্চ সেন্টার, বাড়ী নং- ৮/এ, রোড নং-১৪ (নতুন), ধানমন্ডি, ঢাকা-১২০৯ (সোবহানবাগ মসজিদের পশ্চিমে)

ফোরাম ফর দি স্টাডি অব দি লিভার, রুম নং-৬ (দ্বিতীয় তলা), বনানী সুপার মার্কেট
কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩

মোবাইলঃ ০১৯৭০৮০৮০২৯, ই-মেইল: <fsliver.bd@gmail.com>

ওয়েব সাইটঃ www.liverforumbd.org